

### ঢাবি ঘ ইউনিটের ভর্তি পরীক্ষা প্রশ্নপত্রে জটিলতা ও বিশৃঙ্খল আসন ব্যবস্থার অভিযোগ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্সে 'ঘ' (সংশ্লিষ্ট) ইউনিটের ভর্তি পরীক্ষা তরুণের অনুষ্ঠিত হয়েছে। এবার সর্বাধিকসংখ্যক ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নেয়। মাত্র ৬শ' ৬০টি আসনের বিপরীতে পরীক্ষা নিয়েছে ২১ হাজার ৫শ' ৯৬ শিক্ষার্থী। পরীক্ষার্থীর আসন ব্যবস্থায় বেশকিছু অনিয়মের অভিযোগ করেছেন পরীক্ষার্থী ও অভিভাবকরা। অনেক পরীক্ষার্থী বলেছেন, প্রশ্নপত্রে জটিলতা ছিল। 'ঘ' ইউনিটের পরীক্ষার প্রশ্নপত্রে ৫টি পার্টে বিভক্ত থাকলেও কিছু কিছু প্রশ্নপত্রে ৩টি করে পার্ট রয়েছে বলে পরীক্ষার্থীরা অভিযোগ করেছে। এমনকি একই অংশ দুইবার ছাপা হয়েছে বলে তাঁরা অভিযোগ করেন।

এদিকে কার্জন হল, সায়েন্স এনেন্স ভবনসহ কয়েকটি কেন্দ্রে ঠিকমতো আসন বিন্যাস না টানানোর ফলে অনেক পরীক্ষার্থীকে সিট না পেয়ে ১৫/২০ মিনিট পরে হলে চুকতে হয়েছে। অনেককে কান্নাকটি করতে দেখা গেছে। তাঁরা ডিন অফিসে এসেও অনিয়মের অভিযোগ করেছেন। অভিযোগকারীরা বলেন, ভবনের প্রবেশপথে আসন বিন্যাস টানিয়ে না দেয়ায় এই সমস্যা হয়েছে। তবে কর্তৃপক্ষ বলেছে, তাঁরা সব ভবনের সামনেই সিটপ্র্যান টানিয়ে দিয়েছে। এমনকি পরীক্ষার্থীদের সিটপ্র্যান